

১৯৭৬
স্বগান্তর

তারিখ 6 FFB 2014
পৃষ্ঠা ২৮ কলাম ৩

ডিজিটাইজেশনের নামে রাণিজ্য শেকৃবিতে অকেজো হয়ে আছে লাখ টাকার শিক্ষা উপকরণ

শেকৃবি প্রতিনিধি

রাজধানীর শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে (শেকৃবি) দীর্ঘদিন ধরে অকেজো হয়ে পড়ে আছে কয়েক লাখ টাকার আধুনিক শিক্ষা উপকরণ— মাল্টিমিডিয়া প্রজেক্টর ও সাউন্ড সিস্টেম, কৃষি শিক্ষা ও গবেষণাকে আরও ত্বরান্বিত করার উদ্দেশ্যে গত বছর বিশ্ববিদ্যালয়ের শ্রেণী কক্ষগুলোতে এসব আধুনিক সরঞ্জামাদি সংযোজন করার উদ্যোগ নেয় প্রশাসন। এ নিয়ে গঠিত ক্রয় কমিটি শুরুতেই নানা অস্বস্তি আনার মতবিনিময় মাঝেই সরঞ্জামাদি ক্রয় করে। পরে সরঞ্জামাদিগুলো সংযোজনও করা হয় কিন্তু দুই মাস না যেতেই সবগুলো মাল্টিমিডিয়া প্রজেক্টর ও সাউন্ড সিস্টেম অকেজো হয়ে পড়ে। শিক্ষার্থীদের অভিযোগ, কর্তৃপক্ষের অবেক্ষণ আর অয়রে বিক্রয় হয়ে গেছে যন্ত্রগুলো। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয় প্রশাসনের কোনো উদ্যোগ নেই। ফলে প্রকৃত আধুনিক শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছেন শিক্ষার্থীরা। বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, শেকৃবিকে সেন্টার অব এগ্রিলেচেস হিসেবে গড়ে তুলতেই পঠদান কক্ষগুলোতে সংযোজন করা হয় শিক্ষাসহায়ক অডিও ভিজুয়াল সুবিধাসম্পন্ন মাল্টিমিডিয়া প্রজেক্টর। বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার খাত থেকে আরকৃত হয় লাখ টাকায় ক্রয় করা হয় এগারোটি প্রজেক্টর ও সাউন্ড সিস্টেম। কেনার পর যন্ত্রগুলো জরাজারণে ফেলে রাখা হয় আট মাস। এ অবস্থায় যন্ত্রগুলো ওয়ারেন্টি হারিয়ে ফেলে। কর্তৃপক্ষের অবেক্ষণ কারণে ওয়ারেন্টিবিহীন প্রজেক্টরগুলো লাগানোর দুই মাস পরেই নষ্ট হয়ে পড়ে। কৃষি অনুষ্ঠানের চতুর্থ বর্ষের শিক্ষার্থীরা অভিযোগ করে বলেন, ওয়ারেন্টি না থাকায় প্রজেক্টরগুলো শ্রেণীকক্ষে সংযোজনের কয়েক সপ্তাহ পর থেকে সমস্যা দেখা দিতে শুরু করে। দুই মাস টিমে তালো চন্দার পর সবগুলো প্রজেক্টর একেবারে নষ্ট হয়ে পড়ে। দীর্ঘদিন নষ্ট হয়ে পড়ে থাকার একপর্যায়ের কর্তৃপক্ষ ত্রিক করার কথা বলে খুঁদে নিয়ে যায় যন্ত্রগুলো। ত্রিক করার কথা বলে খুঁদে নিলেও আরও পর্বন্ত কোনো কক্ষে লাগানো হয়নি প্রজেক্টর।